

নাটোরে ছাত্রীকে প্রভাষকের কুপ্রস্তাব

নাটোর প্রতিনিধি

২৭ আগস্ট ২০২৪, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক আমাদেশময়



নবাব সিরাজ উদ্দৌলা সরকারি কলেজের বাংলা বিভাগের প্রভাষক সেলিম রেজার বি঱াদে একাদশ শ্রেণির ছাত্রীকে কুপ্রস্তাবের অভিযোগ পাওয়া গেছে। বাংলাদেশ সাইবার টিমের সহযোগিতায় গতকাল সোমবার সকালে কলেজের উপাধ্যক্ষের কাছে লিখিত অভিযোগ করেন ভুক্তোভোগী শিক্ষার্থী।

এ ঘটনায় বাংলাদেশ সেনাবাহিনী প্রভাষক সেলিম রেজাকে নাটোর সদর থানায় পুলিশ হেফাজতে দিয়েছে।

অভিযোগে কুপ্রস্তাবের শিকার শিক্ষার্থী বলেন, প্রভাষক সেলিম রেজা কলেজে শিক্ষকতার পাশাপাশি ভাড়া বাড়িতে প্রাইভেট পড়ান। প্রাইভেট পড়ানোর সময় দীর্ঘদিন ধরে তাকে কুপ্রস্তাব দিয়ে আসছেন। প্রস্তাবে রাজি না হওয়ায় তিনি চলতি বর্ষের একাদশ শ্রেণির বার্ষিক পরীক্ষায় ফেল করে দেন। পরে যোগাযোগ করা হলে তিনি ব্যক্তিগতভাবে দেখা করতে বলেন। বিকালে প্রাইভেট পড়তে গেলে তিনি স্পর্শকাতর জায়গাগুলোতে স্পর্শ করেন ও প্রাইভেটে একা আসার জন্য বলেন।

কলেজের উপাধ্যক্ষ প্রফেসর আব্দুল বারী মির্জা জানান, কলেজের বাংলা বিভাগের প্রভাষক সেলিম রেজার বিরুদ্ধে কুপ্রস্তাবের অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া গেছে। আরও তদন্ত করে প্রভাষক সেলিম রেজার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে।